



## সাংবাদিককে অপহরণ—নির্যাতনের ঘটনায় ভাইরাল সুরভীর বিরুদ্ধে মামলা



সংগৃহীত ছবি

গাজীপুরের কালিয়াকৈরে এক সাংবাদিককে ডেকে নিয়ে আটকে রাখা, শারীরিক নির্যাতন এবং টাকা আদায়ের অভিযোগে তাহরিমা জান্নাত সুরভীর বিরুদ্ধে মামলা হয়েছে। ঘটনাটি প্রকাশ্যে আসার পর সামাজিক যোগাযোগমাধ্যমেও ব্যাপক আলোড়ন সৃষ্টি করেছে।

মামলার নথিতে বলা হয়—দৈনিক বাংলাদেশ প্রতিদিনের মাল্টিমিডিয়া রিপোর্টার নাইমুর রহমান দুর্জয়কে সংবাদসংক্রান্ত জরুরি তথ্য দেওয়ার কথা বলে সুরভী দেখা করতে ডাকেন। দুর্জয় তার সঙ্গে দেখা করতে গেলে ধীরে ধীরে তাকে অপরিচিত এলাকায় নিয়ে যাওয়া হয়। নির্দিষ্ট একটি স্থানে পৌঁছাতেই ওত পেতে থাকা কয়েকজন এগিয়ে আসে এবং দুর্জয়কে জোর করে ধরে একটি বাড়িতে নিয়ে যায়।

অভিযোগ অনুযায়ী, ওই বাড়িতেই সাংবাদিককে ঘণ্টার পর ঘণ্টা বেঁধে রাখা হয়। মারধর করা হয় ধাতব রড ও লাঠি দিয়ে। পরে তাকে অপরাধী প্রমাণের উদ্দেশ্যে জোরপূর্বক ভিডিও ধারণ করা হয় এবং ভয় দেখিয়ে মোবাইল ব্যাংকিং ও নগদ মিলিয়ে প্রায় ৫০ হাজার টাকা নেয়া হয়। কালিয়াকৈর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবদুল মান্নান জানান, অভিযোগের ভিত্তিতে মামলা গ্রহণ করা হয়েছে। আসামিদের চিহ্নিত করে গ্রেপ্তারে পুলিশ ইতোমধ্যে অভিযান শুরু করেছে।

টানা নির্যাতনের পর দুর্জয়কে ছেড়ে দেওয়া হলেও বিষয়টি গোপন রাখতে প্রাণনাশের হুমকি দেওয়া হয়। শেষ পর্যন্ত নিরাপত্তা ও ন্যায়বিচারের স্বার্থে তিনি আইনের আশ্রয় নিলে পুরো ঘটনাটি প্রকাশ্যে আসে।